দৈনিক ইত্তেফাক ২৭

তারিখ ... SEP. 18 1999
পৃষ্ঠা ১ কলাম ৫

# বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য

গতকাল (শুক্রবার) বিভিন্ন পত্রিকায় প্রকাশিত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদান সম্পর্কে ৩৫ জন একাডেমিক কাউন্সিলের ৩৫ জন সদস্য শিক্ষকের

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের

(প্রথম পৃষ্ঠার পর)

বিবৃতির প্রতিবাদ জানাইয়াছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় ঃ সিনেটের দুইটি বার্ষিক অধিবেশনে প্রধানমন্ত্রী ও বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রী প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সেই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গত ১২ই সেপ্টেম্বর একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনার পর উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করা হয়। কোন সদস্যই সেদিন ঐ প্রস্তাবের বিরোধিতা করিয়া বক্তব্য দেন নাই। যদিও বিবৃতিদাতাদের অনেকেই সেদিন সভায় উপস্থিত ছিলেন। ইহা নিয়া কোনপ্রকার বিতর্ক সৃষ্টি অনভিপ্রেত।